



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

[www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd)

স্মারক নং- বশিরো/পনি/২০১৫/৮০২

তারিখঃ ০৭ সেপ্টেম্বর, ২০১৫ খ্রি.

### জেএসসি, এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থীদের প্রতি বিশেষ নির্দেশাবলি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত নির্দেশাবলি শ্রেণীকক্ষে শিক্ষার্থীদের মাঝে বিতরণ ও অনুসরণ করার জন্য অত্র বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠান প্রধানদের অনুরোধ করা হলো।

  
মুহাম্মদ শাহ আলমগীর # ১২৪০  
পরীক্ষা নিয়ন্ত্রক  
ফোনঃ ০৮৩১-৬৪০৮৫  
E-mail:  
[barisalboard@gmail.com](mailto:barisalboard@gmail.com)

## পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলি

- ১। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠার খালি অংশ হতে প্রশ্নের উত্তর লেখা অবশ্যই আরম্ভ করতে হবে ।
- ২। উত্তরপত্রের ভিতরে বা বাইরে কোনো পরীক্ষার্থী কোনো ডাবেই তার নিজের নাম বা যে বিদ্যালয় হতে পরীক্ষায় অংশগ্রহণ করছে সে বিদ্যালয়ের নাম লিখতে পারবে না ।
- ৩। খসড়ার জন্য কোনো পৃথক কাগজ দেয়া হবে না এবং এ জন্য বাইরে থেকে কোনো পৃথক কাগজ আনতে দেয়া হবে না । উত্তর লেখার জন্য প্রদত্ত উত্তরপত্রেই খসড়ার কাজ সমাধা করতে হবে এবং উত্তরপত্র অবশ্যই কর্তব্যরত ইনভিজিলেটরের নিকট পরীক্ষা শেষে জমা দিতে হবে । মূল উত্তরপত্র লেখা শেষে প্রয়োজনমতো অতিরিক্ত উত্তরপত্র পরীক্ষার্থীকে দেয়া হবে ।
- ৪। উত্তরপত্রের প্রত্যেক পৃষ্ঠায় প্রয়োজনীয় মার্জিন এবং প্রত্যেক লাইনের মধ্যে যথোপযুক্ত ফাঁক রেখে কাগজের উভয় পৃষ্ঠায় উত্তর লিখতে হবে । এর ব্যতিক্রম হলে পরীক্ষার্থীকে যথোপযুক্ত শাস্তি দেয়া হবে ।
- ৫। খসড়া বা অপ্রয়োজনীয় যে কোনো লেখা পরীক্ষার্থীকে নিজ হাতে কেটে দিতে হবে ।
- ৬। পরীক্ষা কক্ষে কোনো কিছুর প্রয়োজন হলে পরীক্ষার্থী কেবল দাঁড়িয়ে কর্তব্যরত ইনভিজিলেটরের দৃষ্টি আকর্ষণ করবে এবং তিনি কাছে আসলে তাঁর নিকট পরীক্ষার্থী বক্তব্য পেশ করবে ।
- ৭। প্রদত্ত উত্তরপত্র ছাড়া প্রশ্নপত্রে, চোষ কাগজে, টেবিলে বা অন্য কোথাও পরীক্ষার্থী কোনো কিছু লিখতে পারবে না ।
- ৮। প্রশ্নপত্র বিতরণের সময় হতে এক ঘন্টা অতিক্রান্ত না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষের বাইরে যেতে পারবে না ।
- ৯। প্রশ্নপত্র বিতরণের সময় হতে দু'ঘন্টা অতিক্রান্ত না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী পরীক্ষা সমাপ্ত করে পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না ।
- ১০। পরীক্ষা সমাপ্তির পর প্রত্যেক পরীক্ষার্থীকে কর্তব্যরত ইনভিজিলেটরের কাছে তার উত্তরপত্র দাখিল করে পরীক্ষা কক্ষ ত্যাগ করতে হবে ।
- ১১। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের উদ্দেশ্যে কোনো কাগজপত্র কারো অধিকারে থাকলে (তা সে ব্যবহার করাক বা না করুক) বা পরীক্ষার্থী অপ্রীতিকর ভাষ্য প্রয়োগ করে বা অংগভঙ্গীর মাধ্যমে বা আক্রমণীয় ভীতি প্রদর্শন করে বা অন্য কোনো প্রকার অসৌজন্যমূলক আচরণ দ্বারা কর্তব্যরত ইনভিজিলেটরকে পরীক্ষা কক্ষের ভিতরে বা বাইরে অসম্মান করলে বা অসম্মান করবার চেষ্টা করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর ঐ বরের পরীক্ষা বাতিল করা হবে এবং বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী এক বা একাধিক বছর বোর্ড কর্তৃক গৃহীত পরীক্ষায় তাকে অংশগ্রহণ হতে বিরত রাখা যেতে পারে ।

## পরীক্ষার্থীদের জন্য বিশেষ নির্দেশাবলি

- ১। উত্তরপত্রের কভার পৃষ্ঠায় অর্থাৎ ও.এম.আর শিটে (বৃত্ত ভরাট শিট) উল্লিখিত নিয়ন্ত্র জায়গায় (কালো বর্গাকৃতি ভরাট লাইনে) কোনো কিছু লেখা বা দাগ দেয়া যাবে না । ও.এম.আর. শিটের মোট তিনটি অংশের প্রথম অংশটুকুতেই পরীক্ষার্থী তাদের জন্য নির্ধারিত জায়গায় বৃত্ত ভরাট করবে । দ্বিতীয় এবং তৃতীয় অংশটুকুতে কোনো অবস্থায়ই কোনো ভরাট বা দাগ দেয়া যাবে না ।
- ২। মূল উত্তরপত্র লেখা শেষে প্রয়োজন হলে একটি অতিরিক্ত উত্তরপত্র পরীক্ষার্থীকে দেয়া হবে । অতিরিক্ত উত্তরপত্র পাবার সাথে সাথে এর ক্রমিক নং উত্তরপত্রের কভার পৃষ্ঠার (ও.এম.আর. শিট) নির্দিষ্ট স্থানে লিখতে হবে এবং পাশের বৃত্তাকার ঘরটি ভরাট করে দিতে হবে । অতিরিক্ত উত্তরপত্র মূল উত্তরপত্রের সাথে সেলাই করে নিতে হবে ।
- ৩। উত্তরপত্রের কভার পৃষ্ঠার প্রথম অংশের বৃত্তাকৃতি ঘরগুলো এমনভাবে ভরাট করতে হবে যাতে এগুলোর ভিতরের লেখাটি দেখা না যায় ।  
সঠিক পদ্ধতি 
- ৪। বৃত্তাকার ঘরগুলো কালো বল পয়েন্ট কলম দ্বারা শুরাট করতে হবে ।
- ৫। উত্তরপত্রটিকে ভাঁজ করা যাবে না । মার্জিনের জন্য ক্ষেত্র ও পেপ্সি/কলম ব্যবহার করা বাস্তুনীয় । একান্ত কোনো ভাঁজের প্রয়োজন হলে তা এমনভাবে করতে হবে যাতে উত্তরপত্রের দাগ কোনো অবস্থাতেই উত্তরপত্রের কভার পৃষ্ঠার বাম দিকের পারফোরেশন লাইনের ডান পাশে না যায় ।
- ৬। উত্তরপত্রে লাল বা সবুজ কালি ব্যবহার করা যাবে না ।